

BHATTER COLLEGE, DANTAN

Department - Music

Teacher's Name - Suparna Pati

Semester - II

Music Honours - 2020

C3T : Introduction of Rabindra Sangeet and Theoretical
knowledge of Ragas, Talas and Notations (Theoretical)

Course Contents

5. Knowledge of the following Ragas :

- Bilawal, Khambaj

Dated - 25/03/2020

Suparna Pati

Teacher's signature

রাগ — বিলাবল

শাস্ত্র পরিচয়

১

১। ঠাট — বিলাবল। ২। আরোহণ — সা রে গ ম প ধ নি সা, অবরোহণ — সা নি ধ প ম গ রে সা। ৩। জাতি — সম্পূর্ণ-সম্পূর্ণ। ৪। বাদী — ‘ধ’ সমবাদী — ‘গ’। ৫। অঙ্গ — উত্তরাঙ্গ। ৬। পরিবেশনের সময় — দিবা প্রথম প্রহর (৬টা — ৯টা)। ৭। প্রকৃতি — শাস্ত্র, গম্ভীর। ৮। পকড় — গ ম রে, গ প, ধ, নি সা। ৯। ন্যাসস্বর — রে, গ, প ও ধ। বিলাবল ঠাটের স্বরূপ — সা রে গ ম প ধ নি। এই রাগে সব স্বর শুদ্ধ, দক্ষিণ ভারতে শঙ্করাভরণ মেলের অন্তর্গত। ইহাকে অনেকে প্রাতঃকালের কল্যাণ বলিয়া থাকেন। আলাহিয়া বিলাবলের সহিত বিশেষ মিল দেখা যায়। গ ম রে সা, ধ ম, নি ধ সা এই স্বর-সঙ্গতি মহত্বপূর্ণ।

রাগ — খাম্বাজ বা খমাজ

শাস্ত্র পরিচয়

২

১। ঠাট — খাম্বাজ। ২। আরোহণ — সা, গ ম, প, ধ, নি সা, অবরোহণ — সা নি ধ প, ম গ, রে সা। ৩। জাতি — ষাড়ব-সম্পূর্ণ। ৪। বাদী — “গ”, সমবাদী — “নি”। ৫। অঙ্গ — পূর্বাঙ্গ। ৬। পরিবেশনের সময় — রাত্রি দ্বিতীয় প্রহর (৯টা — ১২টা)।

৭। প্রকৃতি — চঞ্চল। ৮। পকড় — নি ধ, ম প, ধ, ম গ। ৯। ন্যাসস্বর — সা, গ, প ও ধ। খাম্বাজ রাগকে অনেকে “খামাজ”ও বলিয়া থাকেন। এই রাগটি বিশেষ প্রাচীন। অনেকের ধারণা দার্শনিক আমীর খসরু পারসিক রাগের সঙ্গে সংমিশ্রণ ঘটাইয়া খাম্বাজ সৃষ্টি করিয়াছেন। খাম্বাজ ঠাটের স্বরূপ — সা রে গ ম প ধ নি। এই রাগে অবরোহণ গতিতে কোমল “নি” প্রয়োগ হয়। উভয় প্রকার নিষাদ এই রাগে প্রযোজ্য। বাকী সব স্বর শুদ্ধ। সা গ ম ধ নি সা বা সা গ ম প নি সা এই ভাবেও স্বর প্রয়োগ করিতে দেখা যায়। নি ধ ম, গ ম ধ নি সা; সা গ ম। এই স্বর বিন্যাস রাগে মহত্বপূর্ণ। ইহা পূর্বাঙ্গবাদী রাগ। আরোহণে ধৈবতের স্থান দুর্বল কিন্তু অবরোহণ গতিতে বক্র ভাবে পঞ্চম বেশী প্রয়োগ হইয়া থাকে। এই রাগের প্রকৃতি চঞ্চল বলিয়া খেয়াল গান বড় একটা শোনা যায় না তবে, শৃঙ্গার রসাত্মক ঠুংরী-ভজন ইত্যাদি হাক্কা চালের গানই বেশী প্রচলিত। এই রাগটির সঙ্গে ‘ঝিঝিট’ রাগের বিশেষ মিল পরিলক্ষিত হয় যাহা বাংলাদেশে পল্লী সঙ্গীতে বেশী প্রয়োগ হইয়া থাকে।